

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং-৮০.১১১.০১১.০০.০০.০৮.২০১২(অংশ-২)/-০৮

তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০১৫

বিষয় : বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সিস্টেম এনালিস্ট ও কম্পিউটার প্রোগ্রামার (ওয়েব ডেভেলপমেন্ট/ কনটেন্ট সিকিউরিটি ম্যানেজমেন্ট/ ডেটাবেজ প্রোগ্রামিং/ডেটাবেজ এডমিন), ক্যামেরাম্যান ও প্রডিউসার এবং সহকারী গবেষণা ও শিক্ষা অফিসার পদে নিয়োগের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ সংক্রান্ত।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সিস্টেম এনালিস্ট ও কম্পিউটার প্রোগ্রামার (ওয়েব ডেভেলপমেন্ট/ কনটেন্ট সিকিউরিটি ম্যানেজমেন্ট/ডেটাবেজ প্রোগ্রামিং/ডেটাবেজ এডমিন) পদে নিয়োগের জন্য ২৯/১২/২০১৪ তারিখে, ক্যামেরাম্যান ও প্রডিউসার পদে নিয়োগের জন্য ১৮/১১/২০১৪ তারিখে এবং সহকারী গবেষণা ও শিক্ষা অফিসার পদে নিয়োগের জন্য ২৩/১০/২০১৪ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত পরীক্ষায় নিম্নলিখিত রেজিঃ নম্বরধারী প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে নির্বাচিত হয়েছেন। উল্লেখ্য, প্রকাশিত ফলাফল কোনো কারণে কোনো সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

২। মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীদের রেজিঃ নম্বর :-

(ক) সিস্টেম এনালিস্ট : রেজিঃ নম্বর- ০০০০০৩, ০০০০০৫, ০০০০১৩, ০০০০১৪, ০০০০১৫ = ০৫ জন।

(খ) কম্পিউটার প্রোগ্রামার : রেজিঃ নম্বর : ০০০০০৭, ০০০০০৯, ০০০০১৫, ০০০০১৭, ০০০০৩৫, ০০০০৪০, ০০০০৬৮, ০০০০৭৪, ০০০০৭৬, ০০০০৮৪, ০০০০৮৫, ০০০১০১, ০০০১১১, ০০০১১২ = ১৪ জন।

(গ) ক্যামেরাম্যান : রেজিঃ নম্বর : ৬৫৮৩৪৩ = ০১ জন।

(ঘ) প্রডিউসার : রেজিঃ নম্বর : ৩০৫৩৭৫, ৩৭৬৮১৯, ৫৪৮০৯৬, ৬৫৯১৬৪, ৬৫৯১৭৯ = ০৫ জন।

(ঙ) সহকারী গবেষণা ও শিক্ষা অফিসার রেজিঃ নম্বর : ২৬২৮৫৭, ৩০৫৯৫০, ৩০৫৯৬২, ৩১৯৭৭৬, ৩৭৬১৭৮, ৫২৩৪৫৯, ৫৪৮০১৯ = ০৭ জন।

৩। কোনো ক্ষেত্রে চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীকালে কোনো সময় কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোনো জাল সার্টিফিকেট দাখিল করলে, অসদুপায় অবলম্বন করলে, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা যাবে। এমনকি, সার্ভিসে নিয়োগের পর উক্তরূপ কোনো তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যেকোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। ক্যামেরাম্যান, প্রডিউসার এবং সহকারী গবেষণা ও শিক্ষা অফিসার পদে উত্তীর্ণ প্রার্থীগণ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট (www.bpsc.gov.bd) হতে নন-ক্যাডার আবেদনপত্র ফরম-৩ ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ০১ হতে ১৫ মার্চ, ২০১৫ তারিখ সকাল ১০ঃ০০ ঘটিকা হতে বিকাল ৪ঃ০০ ঘটিকা পর্যন্ত সময়ের মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা ইউনিট-১১ এ হাতে হাতে অথবা ডাকযোগে জমা প্রদান করবেন। উক্ত নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে ব্যর্থ হলে প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং এ জাতীয় প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন না। মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে জাতীয় দৈনিক পত্রিকায় ও কমিশনের ওয়েব সাইট এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। সিস্টেম এনালিস্ট ও কম্পিউটার প্রোগ্রামার পদের মৌখিক পরীক্ষার পূর্বে প্রার্থীদের Standard Aptitude Test গ্রহণ করা হবে। Standard Aptitude Test- এ উত্তীর্ণ প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

(পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন ;
চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে)

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)